



স্মারক নং- চমেবি/পনি/ফপু/২০২৪/৩৬৯

তারিখ: ১০.০৫.২০২৪ইং

## বিজ্ঞপ্তি

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ৪র্থ বর্ষ বিএসসি ইন নার্সিং পরীক্ষা, ডিসেম্বর -২০২৩ইং পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ ও ফি জমাদানের জন্য নিম্ন বর্ণিত তারিখ নির্ধারণ করা হলো-

ক) বিলম্ব ফি ছাড়া ফরম পূরণের অর্থ পে-অর্ডার করে জমাদানের সময়সূচী ২৫/০৫/২০২৪ইং হতে ৩০/০৫/২০২৪ইং দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে জমা দিতে হবে।

খ) বিলম্ব ফি সহ ফরম পূরণের অর্থ পে-অর্ডার করে জমাদানের সময়সূচী ০১/০৬/২০২৪ইং হতে ০৪/০৬/২০২৪ইং দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরে জমা দিতে হবে।

উল্লেখ্য যে, পরীক্ষার হল পরিদর্শক টিমের সদস্যদের সম্মানী স্ব-স্ব কেন্দ্র হতে পরিশোধ করিবেন এবং কেন্দ্র ফি হতে সমন্বয় করবেন। তাহা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরীক্ষার পর অবহিত করবেন। পরীক্ষার সময়সূচী পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

### বিতরণ:

অধ্যক্ষ, অধিভুক্ত সকল নার্সিং কলেজ।

স্মারক নং- চমেবি/পনি/ফপু/২০২৪/৩৬৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. উপাচার্য মহোদয়ের দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২. ডিন, নার্সিং অনুষদ ও মেডিকেল টেকনোলজী অনুষদ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৩. রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৪. পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। (চমেবি ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৫. অর্থ ও হিসাব দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৬. শাখা কর্মকর্তা, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৭. অফিস কপি।

ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেন  
পরীক্ষা নিয়ন্ত্রক  
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম  
তারিখ: ১০.০৫.২০২৪ইং

আবু মো. মাসুদ  
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক  
চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম



স্মারক নং- চমেবি/পনি/ফপ/২০২৪/৩৪০

তারিখ: ২০.০৫.২০২৪

অধ্যক্ষ/কেন্দ্র প্রধান

০৫/০৫/২৪

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম পূরণ ও ফি জমা করতে হবে-

বিষয়ঃ ৪র্থ বর্ষ বিএসসি ইন নার্সিং পরীক্ষা, ডিসেম্বর -২০২৩ইং পরীক্ষার ফরম পূরণ ও ফি সমূহ নির্ধারণ নির্দেশিকা প্রসঙ্গে।

জনাব,

৪র্থ বর্ষ বিএসসি ইন নার্সিং পরীক্ষা, ডিসেম্বর -২০২৩ইং সালের পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফরম পূরণ ফি ও নির্দেশিকা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো-

### ফরমপূরণ ফি সমূহের তালিকা সংযুক্তি

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম পূরণ ও ফি জমা করতে হবে-

- ১। ফরম পূরণের টাকা সমূহ “ডিন (আন্ডার গ্র্যাজুয়েট)” চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম এর বরাবরে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট করে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ব্যাংক ড্রাফট সমূহ তিনটি আলাদা চেকে করতে হবে। যথাক্রমে- ১) পরীক্ষার ফি ২) নম্বরপত্রী ফি ৩) বিলম্ব ফি, রিটেনশন ফি, জরিমানা।
- ২। কারিকুলাম এর নির্দেশিকা অনুযায়ী যোগ্য শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ৩। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রেরিত ফরম ও প্রবেশপত্র পরীক্ষার্থীকে নিজ হস্তে পূরণ করতে হবে। ফরমের যথাস্থানে পরীক্ষার্থীর সদ্য তোলা ২ (দুই) কপি পার্সপোট সাইজের ছবি সংযুক্ত করতে হবে। ছবি অধ্যক্ষ মহোদয় এইরূপে সত্যায়িত করবেন যাতে স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ ছবির বাহিরে প্রবেশ পত্রের উপর থাকে।
- ৪। ফরমে পরীক্ষার রোল নম্বরের ঘরটি খালি রাখতে হবে। (যা পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর কর্তৃক পূরণীয়)
- ৫। চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৬। বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ‘নতুন ছক’ সংগ্রহ করে নিয়ম অনুযায়ী রোল শীট ইংরেজীতে নাম টাইপ করে উক্ত রোল শীটের প্রত্যেক পাতায় অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষর ও নামসহ সীলমোহর প্রদান করে ৪ (চার) সেট পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বরাবরে জমা দিতে হবে।
- ৭। ফরম পূরণ করে প্রেরণ করার সময় প্রস্তুতকৃত রোল শীটের সফট কপি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন (ই-মেইল. আইডি: examcmu@gmail.com) এবং উক্ত সফট কপি পেনড্রাইভ মাধ্যমে ফরম জমা দেওয়ার সময়ে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় বরাবর জমা দিবেন।
- ৮। ফরম পূরণের ক্ষেত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা কিংবা ফুইড ব্যবহার করা যাবে না।
- ৯। পরীক্ষায় অংশ গ্রহণের ব্যাপারে উপর্যুক্ততা যাচাইয়ের দায়িত্ব সম্পূর্ণরূপে কলেজ কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকবে।

বিঃ দ্রঃ ১। প্রত্যেক পরীক্ষার্থীর কেন্দ্র ফি কলেজ কর্তৃপক্ষ একাডেমিক কাউন্সিল কর্তৃক নির্ধারণ করবেন।

২। পরীক্ষার কেন্দ্র ফি লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা পরিচালনার জন্য ব্যয় করবেন।

৩। পরীক্ষার কেন্দ্র ফি এর পরিমাণ এবং খরচাদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পরীক্ষা শেষে অবহিত করবেন।

ডা. মোহাম্মদ দেলওয়ার হোসেন  
পরীক্ষা নিয়ন্ত্রক

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম